গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০২৯.১৯-১৬১

তারিখঃ ০৯ চৈত্র ১৪২৬ ব. / ২৩ মার্চ ২০২০ খ্রি.

বিষয়ঃ রিট পিটিশন নং-২৫৫৪/২০১৮ মামলার ১১/০৪/২০১৮ তারিখের রায়ের নির্দেশনা অনুযায়ী জনাব মোহাম্মদ নূরনবী-কে কুলসুমবাগ এ. জব্বার দাখিল মাদ্রাসা, চরফ্যাশন, ভোলা এর ইবতেদায়ী প্রধান শিক্ষক পদে এমপিওভুক্ত করে বকেয়া বেতন-ভাতা প্রদান সংক্রান্ত।

সূত্র:

| | |
|---|---|
| (১) জনাব মোহাম্মদ নূরনবী, কুলসুমবাগ এ. জব্বার দাখিল মাদ্রাসা, চরফ্যাশন, ভোলা এর আবেদন | তারিখ: ০২/০২/২০২০ খি |
| (২) জেলা শিক্ষা অফিসার, ভোলা এর স্মারক নং- জেশিঅ/ভোলা/১১৫ | তারিখ: ০৭/০২/২০১৯ খ্রি. |
| (৩) টিএমইডি এর স্মারক নং-৫৭.০০.০০০০.০৮৫.০১৮.০১.২০১৮.৮০ | তারিখ: ০৭/০২/২০১৮ খ্রি. |
| (৪) ডিএমই'র স্মারক নং- ৫৭.২৫.০০০০.০১০.৩১.০০৩.১৭-৫৮, | তারিখ: ২৮/০৩/২০১৮ খ্রি. |
| (৫) টিএমইডি এর স্মারক নং-৫৭.০০.০০০০.০৮৫.০১৮.০১.২০১৮.৩৬৬ | তারিখ: ১৭/০৯/২০১৮ খ্রি. |
| (৬) ডিএমই'র স্মারক নং- ৫৭.২৫.০০০০.০১০.৫২.০০৭.১৮-৩৭, | তারিখ: ৩০/০১/২০১৯ খ্রি. |
| (৭) জনাব মোহাম্মদ নূরনবী, কুলসুমবাগ এ. জব্বার দাখিল মাদ্রাসা, চরফ্যাশন, ভোলা এর আবেদন | তারিখ: ০৬/০৪/২০১৯ খ্রি. |
| (৮) টিএমইডি এর স্মারক নং- ৫৭.০০.০০০০.০৮৫.০১৮.০১.২০১৮-৯৯ | তারিখ: ১৭/০৯/২০১৮ খ্রি. |

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, জনাব মোহাম্মদ নূরনবী কর্তৃক সচিব, টিএমইডি বরারব দাখিলকৃত সূত্রোক্ত (১) নং আবেদনে উল্লেখ করা হয় যে, তিনি NTRCA কর্তৃক সুপারিশকৃত হয়ে ভোলা জেলার চরফ্যাশন উপজেলার কুলসুমবাগ এ. জব্বার দাখিল মাদ্রাসায় ইবতেদায়ী প্রধান শিক্ষক পদে নিয়োগপ্রাপ্ত হন এবং গত ০১.১১.২০১৬ খ্রি. তারিখে যোগদান করেন।

০২। পরবর্তীতে তিনি (জনাব মোহাম্মদ নূরনবী) এমপিওভুক্তির জন্য অন-লাইনে আবেদন করলে উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বরিশাল অঞ্চল কর্তৃক জানানো হয় যে, ইবতেদায়ী প্রধান শিক্ষক পদ শুন্য, কিন্তু প্যাটার্ন (জনবল কাঠামো ও এমপিও নীতিমালা,২০১০) অনুযায়ী প্রাপ্যতা না থাকায় এমপিওভুক্ত করা সম্ভব নয়। উল্লেখ্য উক্ত প্রতিষ্ঠানের দাখিল স্তরের কারী জনাব মো: আবুল কাশেম, ইনডেক্স নং-৩৬৬৭৫৭ এর টাইমস্কেল প্রদানের সময় এমপিওসীটে EBK এসে যায় মর্মে আবেদনকারী কর্তৃক উল্লেখ করা হয়েছে। যা সংশোধনের জন্য জেলা শিক্ষা অফিসার, ভোলা কর্তৃক সূত্রোক্ত (২) নং স্মারকে ডিজি, ডিএমই-কে অনুরোধ করা হয়।

০৩। অত:পর তিনি (জনাব মোহাম্মদ নুর নবী) এমপিওভুক্তির জন্য TMED এর সচিব মহোদয় বরাবর ২৩.০১.১৮ খ্রি. তারিখে আবেদন করা হলে TMED কর্তৃক গত ০৭.০২.২০১৮ খ্রি. তারিখে সূত্রোক্ত (৩) নং স্মারকমূলে বিষয়টি তদন্তপূর্বক মতামত/প্রতিবেদন প্রেরণের ডিজি, ডিএমই-কে অনুরোধ করা হয়।

০৪। উক্ত অনুরোধের প্রেক্ষিতে গত ২৮.০৩.১৮ খ্রি. তারিখে সূত্রোক্ত (৪) নং স্মারকমূলে জনাব মোহাম্মদ নূর নবী-কে ইবতেদায়ী শাখায় ইবতেদায়ী প্রধান পদে এমপিওভুক্তির বিষয়ে সুপারিশ করে প্রতিবেদন TMED তে প্রেরণ করা হয়।

০৫। তৎপ্রেক্ষিতে TMED কর্তৃক গত ১৭.০৯.১৮ খ্রি. তারিখে সূত্রোক্ত (৫) নং স্মারকের মাধ্যমে ভোলা জেলার চরফ্যাশন উপজেলাধীন কুলসুমবাগ এ. জব্বার দাখিল মাদ্রাসায় ইবতেদায়ী প্রধানের পদটি জনবল কাঠামো ২০১৮ এর প্যাটার্ন অনুযায়ী শুন্য বিধায় জনাব মোহাম্মদ নূর নবীকে ইবতেদায়ী প্রধান হিসেবে এমপিওভুক্তি বিষয়ে বিধি মোতাবেক পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য DME কে অনুরোধ করা হয়।

০৬। অত:পর DME কর্তৃক গত ৩০.০১.২০১৯ খ্রি. তারিখে সূত্রোক্ত (৬) নং স্মারকমূলে জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ অনুযায়ী ইবতেদায়ী শাখায় মোট ০৫ (পাঁচ) টি পদ প্যাটার্নভুক্ত হলেও ইবতেদায়ী শাখার নবসৃষ্ট ০১ (এক) টি পদসহ অন্যান্য নবসৃষ্ট পদসমূহে পাঁচ বছরে পর্যায়ক্রমিকভাবে নিয়োগ প্রদান করা হবে। প্যাটার্নভুক্ত নতুন পদসমুহে পর্যায়ক্রমিকভাবে নিয়োগের বিষয়ে TMED এর নির্দেশনা না থাকায় এ ব্যাপারে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা সম্ভব হচ্ছে না মর্মে উল্লেখ করে নির্দেশনা প্রদানের জন্য TMED এর মাদ্রাসা উইং-কে দৃষ্টি আকর্ষণ করে পত্র দেয়া হয়।

০৭। TMED এর মাদ্রাসা উইং কর্তৃক ডিএমই এর উক্ত পত্রের আলোকে কোন নির্দেশনা প্রদান না করায় তিনি (জনাব মোহাম্মদ নূরনবী) কর্তৃক এমপিওভুক্তির দাবী করে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-২৫৫৪/২০১৮ দায়ের করা হয়। উক্ত রিট মামলায় ২নং রেসপনডেন্ট সচিব, TMED ও ৪নং রেসপনডেন্ট DME। উক্ত রিট মামলায় গত ১১.০৪.২০১৮ খ্রি. তারিখে মহামান্য হাইকোর্ট কর্তৃক নিম্নরুপ রায়/আদেশ প্রদান করা হয়:

Accordingly, the Rule is disposed of without any order as to cost and the respondents are hereby directed to release the government portion of salary Monthly Pay Order (MPO) of the petitioners with arrear and other service benefits, if any, within 1 (one) month on receipt of this judgment and order without any fail.

এখানে উল্লেখ্য যে, উক্ত রায়ের এক জায়গায় উল্লেখ রয়েছে, The rule is not opposed by filling any affidavit-in-opposition.

চলমান পাতা নং-০২

০৮। উক্ত রায়ের আলোকে বকেয়া বেতন-ভাতাসহ এমপিওভুক্তির তালিকায় অন্তর্ভুক্তির জন্য পিটিশনার কর্তৃক TMED এর সচিব মহোদয় বরাবর সূত্রোক্ত (৭) নং আবেদন করা হয়। উক্ত আবেদনের প্রেক্ষিতে এ বিভাগের মাদ্রাসা উইং থেকে কার্যক্রম গ্রহণপূর্বক ২১/০৭/২০১৯ তারিখে সূত্রোক্ত (৮) নং স্মারকের মাধ্যমে ডিজি, ডিএমই বরাবর পত্র প্রেরণ করা হয়।

০৯। ডিজি, ডিএমই বরারব প্রেরিত টিএমইডি'র উক্ত পত্রে উল্লেখ রয়েছে যে, "**ভোলা জেলার চরফ্যাশন উপজেলাধীন কুলসুমবাগ এ জব্বার দাখিল মাদ্রাসায় ইবতেদায়ী প্রধান পদে জনাব মো: নুর নবী-কে এমপিওভুক্তির জটিলতা নিরসনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো**"। অর্থাৎ উক্ত পত্রে আবেদনকারীর এমপিও চালুকরণের বিষয়ে কোন নির্দেশনা না থাকায় মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক পিটিশনার-কে এমপিওভুক্ত করা হয়নি।

১০। উল্লেখ্য যে, রিট পিটিশন নং-২৫৫৪/২০১৮ মামলার রায়ে আবেদনকারী-কে এমপিওভুক্তির জন্য যেমন নির্দেশনা রয়েছে তেমনিভাবে "বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা, ২০১৮" অনুযায়ী আবেদনকারীর ইবতেদায়ী প্রধানের পদটিও শূন্য হিসেবে বিদ্যমান রয়েছে মর্মে মাদ্রাসা শাখার গত ১৭.০৯.১৮ খ্রি. তারিখে সূত্রোক্ত (৫) নং স্মারকে প্রেরিত পত্রে স্পষ্ট উল্লেখ রয়েছে।

১১। মহামান্য হাইকোর্টের রায় বাস্তবায়নের জন্য টিএমইডি হতে সুস্পষ্ট নির্দেশনা না দেয়ায় ডিএমই কর্তৃক ইবতেদায়ী প্রধান পদে জনাব মো: নুর নবীকে এমপিওভুক্ত করা হয়নি মর্মে উল্লেখ করে টিএমইডি'র পক্ষ হতে রিট পিটিশন নং-২৫৫৪/২০১৮ মামলার রায় বাস্তবায়নের সুস্পষ্ট নির্দেশনা প্রদানের জন্য সচিব, টিএমইডি বরারব সূত্রোক্ত (১) নং আবেদন দাখিল করা হয়েছে।

১২। যেহেতু রিট পিটিশন নং-২৫৫৪/২০১৮ মামলার রায় বাস্তবায়নের (জনাব মোহাম্মদ নূরনবী-কে এমপিওভুক্তকরণ) বিষয়ে এ বিভাগের মাদ্রাসা শাখা-২ হতে ২১/০৭/২০১৯ তারিখে সূত্রোক্ত (৮) নং স্মারকমূলে প্রদত্ত নির্দেশনাটি ডিএমই'র নিকট সুস্পষ্ট না হওয়ায় ডিএমই কর্তৃক জনাব মোহাম্মদ নুরনবী-কে কুলসুমবাগ এ জব্বার দাখিল মাদ্রাসায় ইবতেদায়ী প্রধান পদে এমপিওভুক্ত করা হয়নি সেহেতু রিট পিটিশন নং-২৫৫৪/২০১৮ মামলার রায়/আদেশ বাস্তবায়নের জন্য তথা জনাব মোহাম্মদ নূরনবী-কে কুলসুমবাগ এ. জব্বার দাখিল মাদ্রাসায় ইবতেদায়ী প্রধান পদে এমপিওভুক্তির জন্য মহোদয় কর্তৃক ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।

১৩। এমতাবস্থায়, রিট পিটিশন নং-২৫৫৪/২০১৮ মামলায় মহামান্য হাইকোর্ট কর্তৃক ১১/০৪/২০১৮ তারিখে প্রদত্ত রায়/আদেশ অনুযায়ী ভোলা জেলার চরফ্যাশন উপজেলাধীন কুলসুমবাগ এ. জব্বার দাখিল মাদ্রাসায় ইবতেদায়ী প্রধান পদে জনাব মোহাম্মদ নূরনবী-কে এপ্রিল/২০১৮ মাস হতে এমপিওভুক্তকরত: গৃহীত ব্যবস্থার তথ্যাদি (প্রমাণকসহ) আগামি ৩০/০৪/২০২০ তারিখের মধ্যে টিএমইডি-কে অবহিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়-কে অনুরোধ করা হলো। **উল্লেখ্য যে বিষয়টি মাননীয় মন্ত্রী মহোদয় কর্তৃক অনুমোদিত।**

(মো: আ: খালেক মিঞা) ২৩/০৩/২০২০
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৪১০৫০১৫৭।

মহাপরিচালক
মাদরাসা শিক্ষা অধিদপ্তর
গাইড হাউজ (৭ম ও ১০ম তলা)
নিউ বেইলী রোড, রমনা, ঢাকা-১০০০।

<u>অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:</u>

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৪। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৫। সুপার/সভাপতি, ম্যানেজিং কমিটি, কুলছুমবাগ এ জব্বার দাখিল মাদ্রাসা, ডাকঘর- কুলছুমবাগ, উপজেলা-চরফ্যাশন, জেলা- ভোলা।
৬। জনাব মোহাম্মদ নুর নবী, ইবতেদায়ী প্রধান, কুলছুমবাগ এ জব্বার দাখিল মাদ্রাসা, ডাকঘর- কুলছুমবাগ, উপজেলা-চরফ্যাশন, জেলা- ভোলা।
৭। অফিস কপি/মাস্টার কপি।